

## কম্পিউটারকে বাংলা ভাষায় রূপান্তর করার উদ্যোগ নিয়েছে বায়োস

নিম্ন বার্তা পরিবেশক : দেশের কম্পিউটার ব্যবহারকে সম্পূর্ণ বাংলা ভাষায় রূপান্তরিত করার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ইনোভেশন প্রু ওপেন সোর্স (বায়োস)। গতকাল ব্যবস্থাপনার পুপুরে ধানমন্ডির বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সেমিনারক্ষেত্রে আয়োজিত মতবিনিময় সভায় বায়োসের কর্মকর্তারা একথা জানান।

কর্মকর্তারা জানান, মুক্ত উৎস ব্যবহার করে সম্পূর্ণ বিনা খরচে তারা বাংলায় কম্পিউটিং প্রাটফর্ম চালু করেছেন। প্রথম কাজ হিসেবে তারা আসন্ন বাংলা একক্ৰমীয় একুশে বইমেলায় ডাটাবেস বাংলায় তৈরি করেছেন। তারা জানান, এ উদ্যোগের ফলে কম্পিউটারের অভ্যন্তরীণ সমস্ত ভাষা হবে বাংলা। কম্পিউটার খুললেই সমস্ত মেনু এবং নির্দেশনা বাংলায় দেখা যাবে। সমস্ত ফাইল বাংলায় প্রদ্রুত করা যাবে। এর মাধ্যমে একটি নির্দিষ্ট কোম্পানির পাইরেটেড সফটওয়্যারও ব্যবহার করতে হবে না।

কর্মকর্তারা জানান, ইন্টারনেটে অনেক মুক্ত উৎস আছে, যা ব্যবহার করে যেকোন ভাষায় কম্পিউটিং প্রাটফর্ম তৈরি করা সম্ভব। একটি মাত্র কোম্পানি যেমন মাইক্রোসফটের

সফটওয়্যার ব্যবহার করে এ প্রাটফর্ম তৈরি সম্ভব নয়, কারণ এর কোড গোপন থাকে। কর্মকর্তারা বলেন, মুক্ত উৎস ব্যবহারে নানা ধরনের ভ্রান্তি প্রচলিত আছে। এ ভ্রান্তি পরিহার করতেই মুক্ত উৎস ব্যবহার করে সম্পূর্ণ বাংলায় সমস্ত কম্পিউটার ব্যবস্থা পরিচালনা সম্ভব। বিশ্বের প্রায় সব দেশেই মুক্ত উৎস ব্যবহার করা হচ্ছে।

কর্মকর্তারা মুক্ত উৎস ব্যবহার এবং বাংলায় কম্পিউটিং প্রাটফর্ম সম্পর্কে সরকার ও সর্বশ্রিত সকলের সহযোগিতা কামনা করেন। এ ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির কর্মসূচি ত্বরান্বিত বলে তারা অভিমত দেন।

মতবিনিময় সভায় বায়োসের কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন আধীর চৌধুরী, মৃদুল মৌধুরী, রাহাত আইয়ুব প্রমুখ।